ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৯৩
আগরতলা,২ আগস্ট,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

''রাজ্যে বেহাল সরকারি স্বাস্থ্য পরিষেবায় বাড়ছে জনদুর্ভোগ,'' এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত ২৬ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, সংবাদপত্রে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের চিকিৎসা পরিষেবায় সিনিয়র চিকিৎসকদের অনুপস্থিতি নিয়ে যে অভিযোগ উঠে এসেছে, তার পরিপ্রেক্ষিতে হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছেন, এই অভিযোগটি ভিত্তিহীন। সকল চিকিৎসক নির্ধারিত ডিউটি রোস্টার অনুযায়ী দায়িত্ব পালন করছেন। এই হাসপাতালের বিভিন্ন ডিপার্টমেন্টের সিনিয়র চিকিৎসকেরা নিয়মিত ওয়ার্ডে ডিউটি করছেন এবং একই সঙ্গে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজের একাডেমিক ক্লাসেও অংশ নিচ্ছেন। এদিকে, মেডিকেল শিক্ষার্থীদের প্রশিক্ষণের অংশ হিসেবে ইন্টার্ন এবং পোস্ট গ্র্যাজুয়েট শিক্ষার্থীরা নিয়মিতভাবে ওয়ার্ডে উপস্থিত থাকেন। প্রকৃত অর্থে রোগীকে সরাসরি চিকিৎসা প্রদানের মধ্য দিয়ে শেখা, মেডিকেল শিক্ষার একটি অপরিহার্য ও গুরুত্বপূর্ণ অংশ। ইন্টার্ন ও পিজি শিক্ষার্থীরা সিনিয়র চিকিৎসকদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে রোগী পর্যবেক্ষণ, চিকিৎসা পরিকল্পনা প্রণয়ন, রিপোর্ট বিশ্লেষণ ও বিভিন্ন ক্লিনিক্যাল সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া সম্পর্কে হাতে কলমে শিক্ষা লাভ করেন। ইন্টার্ন ও পোস্ট গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের ওয়ার্ডে উপস্থিতি সম্পূর্ণভাবে শেখার উদ্দেশ্যে, কোনও জবরদস্তিমূলক নয়, বরং অধিক সময় ওয়ার্ডে কাটানো মানেই তারা বেশি অভিজ্ঞতা অর্জন করছেন, যা ভবিষ্যতে দক্ষ ও মানবিক চিকিৎসক হিসেবে তাদের গড়ে তুলতে সাহায্য করবে। আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা বিগত দিনগুলির তুলনায় বর্তমানে অনেক উন্নত হয়েছে। আগামী দিনে চিকিৎসক, নার্স সহ ল্যাব টেকনিশিয়ানদের স্বাস্থ্য পরিষেবা প্রদানে আরও দক্ষ করে তুলতে এইমসের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অন্যদিকে, সংবাদপত্রে আইজিএম হাসপাতালের রক্ত পরীক্ষার রিপোর্ট সরবরাহ সংক্রান্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করার জন্য একটি তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছিল। গত ২৩ জুলাই ২০২৫ তারিখে আইজিএম হাসপাতালে রক্ত পরীক্ষার রিপোর্ট সরবরাহে বিলম্ব ঘটেছে বলে সংবাদপত্রে যে অভিযোগ উত্থাপিত হয়েছিল, এই অভিযোগের সত্যতা যাচাইয়ের লক্ষ্যে উক্ত কমিটির সদস্যরা এএসআর হসপিটাল ল্যাবরেটরি পরিদর্শন করেন। পরিদর্শনকালে কমিটির সদস্যবৃন্দ এএসআর হসপিটাল ল্যাবরেটরি-এর নোডাল ম্যানেজার জীবন কৃষ্ণ দেবনাথ ও সংশ্লিষ্ট ল্যাবরেটরির কর্মীদের সঙ্গে আলোচনা করেন এবং ঘটনাটির বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করেন। তাতে জানা গেছে যে, ওইদিন রিপোর্ট সরবরাহে কোনো বিলম্ব হয়নি। তারা বিলম্বের কথা অস্বীকার করেছেন। এছাড়াও, কমিটি ওই দিনের সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে দেখতে পান যে রিপোর্ট সরবরাহ কাউন্টারের আশেপাশে কোনও ভিড় বা বিশৃঙ্খলার দৃশ্য এই সিসিটিভি ফুটেজে পরিলক্ষিত হয়নি।

*****